বান্দরবান পার্বত্য জেলার বিভিন্ন উপজেলায় গ্রামীণ সড়ক অবকাঠামো নির্মাণ (১ম সংশোধিত) -শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন (Impact Evaluation) সমীক্ষার Terms of Reference (ToR)

সমন্বয় ও এমআইএস সেক্টর

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

পরিকল্পনা মন্ত্রণালয়

প্রভাব মূল্যায়ন সমীক্ষার Terms of Reference (ToR)

০১।	**প্রকল্পের নাম**	:	বান্দরবান পার্বত্য জেলার বিভিন্ন উপজেলায় গ্রামীণ সড়ক অবকাঠামো নির্মাণ (১ম সংশোধিত) ।
০২।	**উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ**	:	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
০৩।	**বাস্তবায়নকারী সংস্থা**	:	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড।

০৪। প্রকল্প ব্যয় ও বাস্তবায়ন কাল :

(লক্ষ টাকায়)

মূল প্রাক্কলিত ব্যয় (প্রকল্প ব্যয়)	সংশোধিত প্রাক্কলিত ব্যয়	মূল বাস্তবায়ন কাল	সংশোধিত বাস্তবায়ন কাল	প্রকৃত ব্যয়	প্রকৃত বাস্তবায়ন কাল
৪৯৭৫.০০	৫৬৫১.০০	জুলাই, ২০১৬ হতে জুন, ২০২১	জুলাই, ২০১৬ হতে জুন, ২০২২	৪৭৯৯.৩৭	জুলাই, ২০১৬ হতে জুন, ২০২২

০৫। প্রকল্পের অবস্থান:

জেলা	উপজেলা
বান্দরবান	রুমা, নাইক্ষ্যংছড়ি, লামা, রোয়াংছড়ি, আলীকদম এবং বান্দরবান সদর।

০৬। প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্য:

ক) বান্দরবান পার্বত্য জেলার বিভিন্ন উপজেলায় প্রত্যন্ত অঞ্চলে যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে ৪,৪৬৬টি পরিবারের প্রায় ২২,০০০ (বাইশ হাজার) লোকের জীবন যাত্রার মানন্নোয়ন;

খ) প্রকল্প এলাকার গ্রামীণ সড়ক উন্নয়নের মাধ্যমে কৃষি/অকৃষি অর্থনীতির সঞ্চালন;

গ) গ্রামীণ এলাকার জনগণের জন্য গ্রাম, বাজার, স্বাস্থ্যকেন্দ্র, শিক্ষা-প্রতিষ্ঠান ও অন্যান্য সেবাদানকারী প্রতিষ্ঠানে যাতায়াত সুবিধা বৃদ্ধি; এবং

ঘ) স্বল্প ও দীর্ঘ মেয়াদী কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে জনসাধারণের আর্থ-সামাজিক উন্নয়নের সুযোগ সৃষ্টি করা।

০৭। প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

মাটির কাজ, এইচ.বি.বি সড়ক, সেতু নির্মাণ, কালভার্ট, ড্রেইন, আর.সি.সি রিটেইনিং ওয়াল এবং ব্রীক রিটেইনিং ওয়াল নিমার্ণের মাধ্যমে বান্দরবান জেলা ও সকল উপজেলায় বসবাসরত জনগণের স্বাস্থ্য, শিক্ষা, যোগাযোগের ব্যবস্থা ও জীবন-যাত্রার মানের উন্নয়ন করা।

০৮। প্রকল্পের পিসিআর সংক্রান্ত তথ্য: আর্থিক অগ্রগতি: ৪৭৯৯.৩৭ (৮৪.৯৩%) , বাস্তব অগ্রগতি: ৯৩%।

(ক) পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

০১. প্রকল্পের বিবরণ (প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

০২. প্রকল্পটি গ্রহণের পূর্বে সমীক্ষা করা হয়েছিল কিনা, এ বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

০৩. প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় এবং সার্বিক ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ,সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

০৪. ডিপিপি/আরডিপিপি ও লগফ্রেমের আলোকে output, outcome ও impact পর্যায়ে অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

০৫. প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লেখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন হয়েছে কি-না, ক্রয় কার্যক্রমের প্যাকেজসমূহ ভাঙ্গা হয়েছে কিনা, ভাঙ্গা হলে তার কারণ যাচাই এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হয়েছে কিনা, সে বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

০৬. প্রকল্পের আওতায় সৃষ্ঠ সুবিধাদি (পণ্য, অবকাঠামো ও সেবা) পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

০৭. প্রকল্পের আওতায় সংগৃহীত পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BoQ/ToR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে কি না সে বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

০৮. প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্বের, ব্যবস্থাপনার অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

০৯. প্রকল্পের শুরু হতে কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে কিনা তা পরীক্ষা করা এবং পরিকল্পনার সাথে ব্যত্যয় ঘটলে তা চিহ্নিত করে অনুরুপ প্রকল্প গ্রহণের ক্ষেত্রে প্রতিকারের জন্য সুপারিশ;

১০. প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ফলে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী কি পরিবর্তন হয়েছে তা বিভিন্ন জাতীয়/স্থানীয় তথ্যে (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বেজলাইন সার্ভের (যদি থাকে) আলোকে পর্যালোচনা;

১১. পরার্শক প্রতিষ্ঠান যে সব FGD, KIIসহ সরেজমিন পরিদর্শন সম্পন্ন করার একটি ভিডিও (নূন্যতম ৩০ মিনিটের) প্রমাণক হিসেবে আবশ্যিকভাবে জাতীয় কর্মশালার পূর্বে আইএমইডি'তে দাখিল;

১২. প্রকল্পের BCR ও IRR অর্জন ও পর্যবেক্ষণ;

১৩. প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Sustainable) হয়েছে কিনা সে বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১৪. প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম, বাস্তবায়ন পদ্ধতি, সৃষ্ট সুবিধাদি, সৃষ্ট সুবিধাদি টেকসহ বিষয়ক ও সৃষ্ট সুবিধাদি পরিচালনা ইত্যাদির SWOT ANALYSIS;

১৫. উল্লিখিত পর্যালোচনাভিত্তিতে সার্বিক পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

১৬. প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে বাংলা ও ইংরেজি ভাষা বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষান্তে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন; এবং

১৭. কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

(খ) ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র:	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
(১)	পরামর্শক প্রতিষ্ঠান	-	• গবেষণা/ প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্ট্যাডি পরিচালনায় ন্যূনতম ৩(তিন) বছরের অভিজ্ঞতা;
(২)	পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান	-	• পরামর্শক/পরামর্শক দলের সদস্যদের বুদ্ধিবৃত্তিক, শারিরিক ও মানসিকভাবে এ কাজে উপযুক্ত হতে হবে।
	(ক) টীম লিডার	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতকোত্তর ডিগ্রি।	• সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ১০(দশ) বছরের কাজের অভিজ্ঞতা; • মাটির কাজ, এইচ.বি.বি সড়ক, সেতু নির্মাণ, কালভার্ট, ড্রেইন, আর.সি.সি রিটেইনিং ওয়াল এবং ব্রীক রিটেইনিং ওয়াল নিমার্ণ কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর)-২০০৮ এর বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে; • গবেষণা, নমুনায়ন, প্রশ্নপত্র প্রণয়ন, বিভিন্ন ধরণের পরিসংখ্যানগত বিশ্লেষণ ইত্যাদি বিষয়ে জ্ঞান; • ন্যূনতম ৩(তিন)টি প্রভাব মূল্যায়ন কাজের অভিজ্ঞতা; এবং • প্রতিবেদন উপস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে।
	খ) মিড লেভেল ইঞ্জিনিয়ার	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ নূন্যতম স্নাতক ডিগ্রি।	• সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; • মাটির কাজ, এইচ.বি.বি সড়ক, সেতু নির্মাণ, কালভার্ট, ড্রেইন, আর.সি.সি রিটেইনিং ওয়াল এবং ব্রীক রিটেইনিং ওয়াল নিমার্ণ কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; • কমপক্ষে ১(এক)টি প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষা পরিচালনা; এবং • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর)-এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা।
	গ) পরিসংখ্যানবিদ	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।	• তথ্য ব্যবস্থাপনা ও বিশ্লেষণে ৫(পাঁচ) বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; • Statistical tools software ব্যবহারের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; • কম্পিউটার পরিচালনায় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; এবং • পরিসংখ্যান ও মূল্যায়ন কাজে ৩(তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

(ঘ) **নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:**

ক্রম	প্রতিবেদনের নাম	কপির সংখ্যা	দাখিলের সময়
১)	ইনসেপশন রিপোর্ট (টেকনিক্যাল ও তত্তাবধায়ন সভার জন্য)	(১০+১৩)=২৩	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২)	১ম খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল ও তত্তাবধায়ন সভার জন্য)	(১০+১৬)=২৬	চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে
৩)	২য় খসড়া প্রতিবেদন ওয়ার্কশপের জন্য	১২০	চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে
৪)	চুড়ান্ত খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল সভার জন্য)	১১	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
৫)	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা+ইংরেজী)	(৪০+২০)=৬০	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে

(ঙ) **ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আরডিপিপি/পিসিআর)।